

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪১৩৪

আগরতলা, ১০ ডিসেম্বর, ২০২৩

আন্তর্জাতিক মানব অধিকার দিবস

মানব অধিকারের বিষয়ে রাজ্যের সাধারণ মানুষকে সচেতন করতে হবে : রাজ্যপাল

আমাদের সংবিধান নাগরিকদের বিভিন্ন অধিকার দিয়েছে। আদালতের অধিনে বিভিন্ন আইনী সংস্থা অধিকার রক্ষার জন্য কাজ করছে। এরপরও মানবাধিকার লঙ্ঘিত হচ্ছে। মানবাধিকার লঙ্ঘনের মতো ঘটনা নিয়ন্ত্রনে সব অংশের মানুষকে বিশেষ করে পুলিশ প্রশাসনকে আরও গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করতে হবে। আজ রবীন্দ্র শতবার্ষিকী ভূমনের ২নং হলে আন্তর্জাতিক মানব অধিকার দিবস উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু একথা বলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ত্রিপুরা মানব অধিকার কমিশনের চেয়ারপার্সন বিচারপতি স্বপন চন্দ্র দাশ। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়ের দীপক মজুমদার, ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. গঙ্গাপ্রসাদ প্রসেইন, ত্রিপুরা মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা ও ত্রিপুরা মানব অধিকার কমিশনের সচিব রতন বিশ্বাস। অনুষ্ঠানের উদ্বোধন করে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু ত্রিপুরা মানবাধিকার কমিশনের কাজকর্মের প্রসংশা করে বলেন, কমিশন গত সাত বছরে অনেক মানুষকে সাহায্য করেছে। রাজ্যপাল আশা প্রকাশ করেন কমিশন রাজ্য মানবাধিকার রক্ষায় আরও ভালভাবে কাজ করবে। তাতে কমিশনের কাজের প্রতি রাজ্যবাসীর আস্থা আরও বাড়বে। রাজ্যপাল বলেন, রাজ্যের সাধারণ মানুষ বিশেষ করে গ্রাম ও নগর এলাকার মানুষকে তাদের অধিকারের বিষয়ে সচেতন করতে হবে।

অনুষ্ঠানে আগরতলা পুর নিগমের মেয়ের দীপক মজুমদার বলেন, সংবিধান প্রদত্ত অধিকার সম্পর্কে জনগণকে সচেতন করতে হবে। ছাত্রছাত্রীসহ সমাজের সমস্ত অংশের নাগরিকদের এ বিষয়ে সচেতন করে তুলতে পারলেই মানবাধিকার রক্ষা করা সম্ভব হবে। আমাদের সংবিধান সবাইকে সমান অধিকার দিয়েছে। অনুষ্ঠানে ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. গঙ্গাপ্রসাদ প্রসেইন বলেন, মানবাধিকার প্রতিষ্ঠা করা আমাদের সকলের কর্তব্য। জাতি, ধর্ম, বর্গ নির্বিশেষে দেশের সমস্ত নাগরিকদের সমান অধিকার রয়েছে। বর্তমান সময়ে ছাত্রছাত্রীদের মানবাধিকার সম্পর্কে বেশি করে সচেতন করার প্রয়োজন রয়েছে। অনুষ্ঠানে ত্রিপুরা মানব অধিকার কমিশনের চেয়ারপার্সন বিচারপতি স্বপন চন্দ্র দাশ বলেন, মানবাধিকার সম্পর্কে জনসচেতনতা বাড়াতে হবে। ভারত হচ্ছে শান্তির দেশ, অগ্রগতির দেশ, সম্প্রতির দেশ ও ঐক্যের দেশ। বৈচিত্রে মধ্যে ঐক্যেই হচ্ছে ভারতের ভিত্তি ভূমি। যুগে যুগে ভারত সারা বিশ্বে শান্তির বাণী প্রচার করেছে। মানব অধিকার রক্ষায় জাতীয় মানব অধিকার কমিশন ও রাজ্য মানব অধিকার কমিশন কাজ করছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন ত্রিপুরা মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা। স্বাগত বক্তব্য রাখেন ত্রিপুরা মানব অধিকার কমিশনের সচিব রতন বিশ্বাস। উদ্বোধনী অনুষ্ঠানের পর অনুষ্ঠিত হয় প্যানেল ডিসকাশন। এবারের আন্তর্জাতিক মানব অধিকার দিবসের মূল থিম হলো ‘কনসোলিডেটিং অ্যান্ড সাস্টেনিং হিউম্যান রাইটস কালচার ইন টু দ্য ফিউচার’।
